গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর
fisheries.natore.gov.bd

বিগত ৩১/০৮/২০২২ খ্রি. তারিখে নৈতিকতা কমিটি, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর এর প্রথম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভা আয়োজন | বিগত ৩১/০৮/২০২২ খ্রি. তারিখে ১ম ত্রৈমাসিকের নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। | |
| ০২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে প্রতিবেদন সংরক্ষণ ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। | |
| ০৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | বিগত ০৪/০৯/২০২২ খ্রি. তারিখে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়েছে। | |
| ০৪ | কর্ম-পরিবেশ উন্নয়ন<br>১. স্বাস্থ্যবিধি অনুসরণ, ২. মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা, পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি। | প্রথম ত্রৈমাসিকেই কর্ম-পরিবেশ উন্নয়ন শতভাগ অর্জন সম্ভব হয়েছে। দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে মাস্ক ও স্যানিটাইজার সরবরাহ করা হয়েছে। মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া, অফিস ভবন নিয়মিত জীবাণুনাশক দিয়ে পরিচ্ছন্ন করা ও জীবাণুমুক্ত রাখা হচ্ছে। কার্যক্রম বাস্তবায়নের প্রমাণক হিসেবে ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাস্তবায়ন প্রতিবেদন, ছবি ও অন্যান্য উপকরণ বিতরণের প্রমাণক আপলোড ও সংরক্ষণ করা হয়েছে। | |
| ০৫ | ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ | নির্ধারিত ৩১.০৭.২২ তারিখের মধ্যে অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। কার্যক্রম বাস্তবায়নের প্রমাণক হিসেবে অফিস আদেশ ও ওয়েসবাইটে আপলোডকরণের স্ক্রীণশট সংরক্ষণ করা হয়েছে। | |
| ০৬ | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ। | দপ্তরে সেবার বিবরণ ও সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য রেজিষ্টার সংরক্ষণ করা হয়েছে। রেজিষ্টারে সেবাগ্রহীতাগণ সেবার মান সম্পর্কে স্বাধীনভাবে মতামত দিচ্ছেন। কার্যক্রম সংশ্লিষ্ট রেজিষ্ট্রারের স্ক্রীণশট ওয়েবসেইটে আপলোড ও সংরক্ষণ করা হচ্ছে। | |
| ০৭ | নাটোর জেলার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় প্রদর্শনী কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং। | জেলার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় নতুন করে প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দ আসেনি। ইতোপূর্বে বাস্তবায়িত প্রদর্শনীর উপকরণ বিতরণকালে স্থানীয় জনপ্রতিনিধি, উর্ধ্বতন কর্তৃপক্ষের উপস্থিতিতে কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের পরিদর্শন ও মনিটরিং সংক্রান্ত তথ্য ও ছবি ওয়েবসাইটে আপলোড ও সংরক্ষণ করা হয়েছে। প্রদর্শনী কার্যক্রম পরিদর্শন ও মনিটরিংকালে কার্যক্রম সংশ্লিষ্ট সাইনবোর্ড প্রদর্শনী পুকুর পাড়ে টাঙ্গানো দেখা গেছে এবং উপকরণ বিতরণের প্রমাণক সংরক্ষণ করা হয়েছে। | |
| ০৮ | নাটোর জেলার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় পোনা অবমুক্তি কার্যক্রম মনিটরিং। | পোনা অবমুক্তকরণকালে স্থানীয় জনপ্রতিনিধি, উর্ধ্বতন কর্তৃপক্ষের উপস্থিতিতে কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের অংশগ্রহণ ও মনিটরিং সংক্রান্ত তথ্য/ ছবি/ ভিডিও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। পোনা অবমুক্তি ও গ্রহণ কমিটির প্রত্যয়ন প্রমাণক হিসেবে সংরক্ষণ করা হয়েছে। | |
| ০৯ | রাজস্ব ও উন্নয়ন খাতের আওতায় বাস্তবায়িত প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং | জেলার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় নতুন করে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দ আসেনি বিধায় কার্যক্রমটি বাস্তবায়ন করা যায়নি। | |
| ১০ | ই-নথির ব্যবহার বৃদ্ধি | জেলায় ই-ফাইলিং সিস্টেমের মাধ্যমে পত্রজারি ও নোট নিষ্পত্তি বাড়ানো হয়েছে। উপজেলা কার্যালয়সমূহকে ই-নথির লাইভে আসার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে । প্রতি ত্রৈমাসিক শেষে দপ্তরের শাখাভিত্তিক উপস্থাপিত ই-নথি এবং হার্ড নথির স্টেটমেন্ট প্রমাণক সংরক্ষণ করা হয়েছে। | |
| ১১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়নের মেইন ম্যানুর আওতাধীন সাবম্যানুসমূহ; সেবাবক্সের সকল লিংক; সকল কর্মকর্তাগণের মোবাইল নম্বর, ছবি ও ই-মেইলসহ তালিকা; নোটিশবোর্ড; বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা; জাতীয় শুদ্ধাচার কার্যক্রম; সেবা প্রদান প্রতিশ্রুতি; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; তথ্য অধিকার; সেবা সহজিকরণ, ডিজিটাইজেশন ও উদ্ভাবন কার্যক্রম; বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি হালনাগাদ করা হয়েছে। প্রমাণক হিসেবে স্ক্রিনশট এবং হালনাগাদকরণের বিষয়ভিত্তিক তারিখ উল্লেখসহ ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত ও সংরক্ষণ করা হয়েছে। | |
| ১২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য | প্রথম ত্রৈমাসিকে অনিক ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে। ওয়েবসাইট হালনাগাদ সম্পন্নের প্রমাণক হিসেবে অফিস আদেশ/সভার কার্যবিবরণী/সরকারি | |

| | | | |
|---|---|---|---|
| | ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে (প্রযোজ্য ক্ষেত্রে) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | পত্র/ওয়েবলিংক সংরক্ষণ করা হয়েছে। | |
| ১৩ | অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। | |
| ১৪ | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ | নির্ধারিত সময়ের মধ্যে তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত/ হালনাগাদ করা হয়েছে। অফিসের মাসিক সমন্বয় সভায় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত/ হালনাগা এ কার্যক্রমটি সম্পাদনের বর্ণনা করা হয়েছে।এবং উক্ত সভার কার্যবিবরণী প্রমাণক হিসেবে সংরক্ষণ করা হয়েছে। | |
| ১৫ | তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ে তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ | তথ্য অধিকার সংক্রান্ত প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন তৈরি করে তা স্ব স্ব ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সের ৩য় লিঙ্কে প্রকাশ করা হয়েছে। প্রমাণক হিসেবে স্ক্রীণসটসহ ওয়েবসাইটের লিঙ্ক সংরক্ষণ করা হয়েছে। | |

S. Ahmed 04/10/2022
( মোঃ সোহেল আহমেদ)
উপ-সহকারি প্রকৌশলী
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর
ও
সদস্য
জেলা নৈতিকতা কমিটি

04/10/2022
(এস এম নাজিম উদ্দিন)
মৎস্য জরীপ কর্মকর্তা (অঃদাঃ)
ও
সদস্য
জেলা নৈতিকতা কমিটি

04/10/2022
(মোছাঃ বিউটি খাতুন )
মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর
ও
সদস্য, বিকল্প ফোকাল পয়েন্ট
জেলা নৈতিকতা কমিটি

04/10/2022
(মো: জাহাঙ্গীর আলম)
সিনিয়র সহকারী পরিচালক
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর
ও
ফোকাল পয়েন্ট
জেলা নৈতিকতা কমিটি

04/10/2022
(মোঃ আবুল কালাম আজাদ)
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর
ও
আহবায়ক
জেলা নৈতিকতা কমিটি